

বিএন ওয়েবসাইটে প্রকাশের জন্য খুলনা নৌঅঞ্চলের জানুয়ারি -২০২২ মাসের গুরুত্বপূর্ণ কর্মকাণ্ডের সচিত্র প্রতিবেদন

১। বানোজা শের-ই-বাংলা।

ঘ। সিও'স টক। গত ১৯ জানুয়ারি ২০২২ তারিখে সিও'স টক অনুষ্ঠিত হয়। অধিনায়ক নৌসদস্যদের উদ্দেশ্যে বর্তমানে ক্রমাগত বৃদ্ধি পাওয়া করোনা ভাইরাস এর প্রতিরোধ ও প্রতিকার সম্পর্কে বিশেষ দিকনির্দেশনা প্রদান করেন। তিনি সকলকে করোনার সকল স্বাস্থ্যবিধি কঠোরভাবে অনুসরণের নির্দেশনা প্রদান করেন। আগামী অক্টোবর ২০২২ তারিখে অত্র ঘাঁটির কমিশনিং অনুষ্ঠান আয়োজনের পরিকল্পনা রয়েছে বলে তিনি সকলকে অবহিত করেন এবং সেই মোতাবেক যথাসময়ে ঘাঁটি প্রস্তুত করার লক্ষ্যে পরিকল্পনা অনুযায়ী উদ্যোগের সাথে কাজ করার নির্দেশনা প্রদান করেন। এছাড়া তিনি সকলকে নিষ্ঠার সাথে নিজ দায়িত্ব পালন, ঘাঁটির মালামালের নিরাপত্তা নিশ্চিতকরণ এবং ঘাঁটির নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত ব্যক্তিবর্গকে সর্বোচ্চ সতর্কতার সাথে দায়িত্ব পালনের নির্দেশনা প্রদান করেন। ফেইসবুক ও সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সকলকে সতর্কতা অবলম্বনসহ এতদসংক্রান্ত নীতিমালা অনুসরণ, মাদক ও মাদকের কুফল সম্বন্ধে সতর্ক থাকা এবং এ ব্যাপারে নিজেদের সম্প্রদায় ও আশেপাশের সকলকে সতর্ক করার পরামর্শ প্রদান করেন। অধিনায়ক 'Ex Safeguard - 2021' সফলতার সাথে সম্পন্ন করায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি নৌবাহিনীর ভাবমূর্তি সর্বসাধারণ তথা দেশের কাছে যেন সমুজ্জল থাকে সে বিষয়ে দিকনির্দেশনা প্রদান করেন। অধিনায়ক সকলকে ধর্মীয় ও সামাজিক অনুশাসন মেনে চলার উপর অলোকপাত করে সিও'স টক সমাপ্ত করেন।



সিও'স টক এর স্থিরচিত্র।

ঙ। বিশেষ মোনাজাত প্রসঙ্গে। গত ২৫ জানুয়ারি ২০২২ তারিখ বাদ যোহর প্রাক্তন নৌবাহিনী প্রধান ক্যাপ্টেন নূরুল হক এর ১ম মৃত্যুবার্ষিকী উপলক্ষে তার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়। উক্ত মোনাজাত অনুষ্ঠানে কর্তব্যরত ব্যক্তি ব্যতীত ঘাঁটির সকল নৌসদস্য কোভিড-১৯ এর সতর্কতামূলক বিধি মেনে যোগদান করেন।



বিশেষ মোনাজাতের স্থিরচিত্র।

সীমিত

গ। সিও'স টক (সোলাম)। গত ৩১ জানুয়ারি ২০২২ তারিখ ১০০০ ঘটিকায় ঘাঁটিস্থ শিপস্ কোম্পানি ডাইনিং হলে সামাজিক দূরত্ব বজায় রেখে সিও'স টক অনুষ্ঠিত হয়। উক্ত সিও'স টকে ঘাঁটির অধিনায়ক ক্যাপ্টেন সাদ ইমন ইশতিয়াক, (এস), পিএসসি, বিএন বৈশ্বিক মহামারি কোভিড-১৯ পরিস্থিতির ওয় ধাপে স্বাভাবিক জীবন যাপনের পাশাপাশি সামাজিক দূরত্ব বজায় রাখা, মাস্ক পরিধান করা, করোনার নতুন ধরন ওমিক্রন রোধকল্পে সবাইকে বুস্টার ডোজ গ্রহণের আহবান এবং সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য নির্দেশনা মেনে চলার ব্যাপারে নির্দেশনা প্রদান করেন। এছাড়াও তিনি জেসিও'স, পিও'স ও অন্যান্য পদবীর নাবিকদেও জন্য BUP কর্তৃক পরিচালিত BA (Pass) কোর্স সম্পর্কে অবহিতকরণসহ মাদক গ্রহণের কুফল ও সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সতর্কতা অবলম্বনের পাশাপাশি বিবাহ বহির্ভূত সম্পর্ক থেকে সকলকে বিরত থাকার পরামর্শ প্রদান করেন। উক্ত সিও'স টকে ঘাঁটির সকল কর্মকর্তা, জেসিও, পিও, নাবিক এবং অসামরিক কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।



অধিনায়ক কর্তৃক সিও'স টকের কয়েকটি মুহূর্ত।

২। বানৌজা মোংলা।

ক। শীতবস্ত্র বিতরণ।



বানৌজা মোংলা কর্তৃক শীতবস্ত্র বিতরণের কয়েকটি মুহূর্ত।

খ। কমান্ডার খুলনা নৌ অঞ্চল কর্তৃক ঘাঁটি পরিদর্শন (বানোজা মোংলা)।



কমান্ডার খুলনা নৌ অঞ্চল কর্তৃক বানোজা মোংলা ঘাঁটি পরিদর্শন কয়েকটি মুহূর্ত।

৩। বানোজা তিভুমীর।

পর্যন্ত

ক। ‘এক্সারসাইজ সেইফ গার্ড- ২০২১’। গত ২৯ ডিসেম্বর ২০২১ হতে ১২ জানুয়ারি ২০২২ পর্যন্ত বাংলাদেশ নৌবাহিনীর বাৎসরিক সমুদ্র মহড়া ‘এক্সারসাইজ সেইফ গার্ড-২০২১’ অনুষ্ঠিত হয়। উক্ত এক্সারসাইজের কর্মসূচি মোতাবেক বিভিন্ন সময়ে PDX, HDX, Raid Ex, First Aid & CPR, NCS, DC & FF, CASEVAC, FFX, ADX, Cordon & Search প্রভৃতি মহড়া ও প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণ ও মহড়ায় কর্তব্যরত ব্যক্তি ব্যতীত সকলে অংশগ্রহণ করে।



এক্সারসাইজ সেইফ গার্ড-২০২১ উপলক্ষ্যে অনুষ্ঠিত Raid Ex মহড়ার স্থিরচিত্র।



এক্সারসাইজ সেইফ গার্ড-২০২১ উপলক্ষ্যে অনুষ্ঠিত ADX এবং CASEVAC মহড়ার স্থিরচিত্র।

খ। কোভিড-১৯ প্রতিরোধে শিপস কোম্পানির উদ্দেশ্যে ভাষণ প্রদান। গত ০৯ জানুয়ারি ২০২২ কোভিড-১৯ প্রতিরোধে অধিনায়ক বানোজা তিভুমীর ক্যাপ্টেন এস এম জসিমুজ্জামান, (ট্যাজ), বিএসপি, পিসিজিএমএস, পিএসসি, বিএন বিভিন্ন বিষয়ে করণীয় ও দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। এ সময়ে তিনি স্বাস্থ্য মন্ত্রণালয়সহ নৌ সদর হতে প্রাপ্ত নির্দেশনা ও স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করার জন্য নির্দেশ প্রদান করেন। উক্ত ভাষণে কর্তব্যরত ব্যক্তি ব্যতীত সকল নৌ সদস্য, অসামরিক কর্মকর্তা এবং কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।



কোভিড-১৯ প্রতিরোধে শিপস্ কোম্পানির উদ্দেশ্যে অধিনায়ক কর্তৃক ভাষণের স্থিরচিত্র।

গ। শীতবস্ত্র বিতরণ। গত ০৯ ও ১৫ জানুয়ারি ২০২২ কমান্ডার খুলনা নৌ অঞ্চলের পক্ষ থেকে এরশাদ আলী সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠ, রেলগেইট ও তদসংলগ্ন এলাকায় অসহায়, ছিন্নমূল ও শীতাত্ত মানুষের মাঝে ৭০০টি শীতবস্ত্র/কম্বল বিতরণ করা হয়। অসহায় ও শীতাত্ত মানুষ শীতবস্ত্র পেয়ে অত্যন্ত আনন্দ ও উচ্ছ্বাস প্রকাশ করতে দেখা যায়।



শীতাত্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণের স্থিরচিত্র।

সীমিত

ঘ। কোভিড-১৯ পরিস্থিতি ও তার প্রতিকার এর উপর অনলাইন ব্রিফিং। গত ১১ জানুয়ারি ২০২২ সকাল ১১০০ ঘটিকায় বানোঁজা উপশম এর মেডিসিন স্পেশালিস্ট সার্জন কমান্ডার মোঃ বদরুল আলম, বিএন বর্তমান কোভিড-১৯ পরিস্থিতি ও তার প্রতিকার বিষয়ে ভিটিসির মাধ্যমে অনলাইন ব্রিফিং প্রদান করেন। উক্ত অনলাইন ব্রিফিং এ কর্তব্যরত ব্যক্তি ব্যতীত বানোঁজা তিতুমীরের সকল নৌ সদস্য, অসামরিক কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ ফেয়ারওয়ে মাল্টিপারপাস হল, নেটস কনফারেন্স ও মাল্টিপারপাস হল, জেসিও'স ও পিও'স মেসসমূহে সামাজিক দূরত্ব বজায় রেখে ভিটিসির মাধ্যমে উক্ত ব্রিফিং এ অংশগ্রহণ করেন।



করোনা পরিস্থিতি ও তার প্রতিকারের উপর অনলাইন ব্রিফিং এর স্থিরচিত্র।


ঙ। ফায়ার ফাইটিং ও ড্যামেজ কন্ট্রোল এর উপর প্রশিক্ষণ ও মহড়া। গত ০৭ ও ১৭ জানুয়ারি ২০২২ ঘাঁটির বিভিন্ন স্থানে ফায়ার ফাইটিং ও ড্যামেজ কন্ট্রোল এর উপর আলোচনা, প্রশিক্ষণ প্রদানসহ মহড়া অনুষ্ঠিত হয়। এ সময় কর্তব্যরত ব্যক্তি ব্যতীত সকল নৌ সদস্য উপস্থিত ছিল।



ফায়ার ফাইটিং ও ড্যামেজ কন্ট্রোল মহড়া এর স্থিরচিত্র।

সীমিত

চ। সামাজিক যোগাযোগ মাধ্যমের অপব্যবহারের নেতিবাচক প্রভাব বিষয়ে অনলাইন ব্রিফিং। গত ২০ জানুয়ারি ২০২২ সকাল ১১০০ ঘটিকায় কমান্ডার খুলনা নৌ অঞ্চলের আঞ্চলিক আইন কর্মকর্তা ইঃ লেঃ কমান্ডার গফুর মিয়া, বিএন সামাজিক যোগাযোগ মাধ্যমের অপব্যবহার ও এর ক্ষতিকর প্রভাব (পেশাগত, ব্যক্তিগত ও পারিবারিক জীবনে), বিবাহ বহির্ভূত সম্পর্ক স্থাপন, মাদক দ্রব্য সেবন, প্রচলিত আইন লঙ্ঘন ও তার শাস্তি এবং এ সমস্যার প্রতিকার প্রতিরোধের উপর দিক নির্দেশনামূলক বক্তব্য ভিটিসির মাধ্যমে প্রদান করেন। উক্ত অনলাইন ব্রিফিং এ কর্তব্যরত ব্যক্তি ব্যতিত সকল নৌ সদস্য ফেয়ারওয়ে মাল্টিপারপাস হল/জেসিও'স/পিও'স মেসসমূহে উপস্থিত থেকে অনলাইনের মাধ্যমে অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।



সামাজিক যোগাযোগ মাধ্যমের অপব্যবহার ও নেতিবাচক প্রভাবের উপর অনলাইন ব্রিফিং এর স্থিরচিত্র।

ছ। সিও'স টক। গত ২৫ জানুয়ারি ২০২২ বানোজা তিতুমীর ফেয়ারওয়ে মাল্টিপারপাস হলে মাসিক সিও'স টক এর আয়োজন করা হয়। এ সময় কর্তব্যরত ব্যক্তি ব্যতিত সকল নৌ সদস্য, অসামরিক কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন। উক্ত সিও'স টক এ অধিনায়ক তার দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন।



ফেয়ারওয়ে মাল্টিপারপাস হলে মাসিক সিও'স টক অনুষ্ঠানে স্থিরচিত্র।